# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

জেনারেল ক্রেডিট বিভাগ

ফোন: ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইল: dgmlad1@krishibank.org.bd;


পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ২৫ /২০২৪ তারিখ ৩১/০৭/২০২৪ খ্রি.

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রকল্প ঋণপ্রস্তাব মূল্যায়নের জন্য প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) গঠন এবং এর কার্যপরিধি প্রসঙ্গে।

দেশের কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষি ও সিএমএসএমই খাতে প্রকল্প ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রকল্প ঋণপ্রস্তাব মূল্যায়নের জন্য ১৮/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৭০তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রধান কার্যালয় ও মাঠ কার্যালয় পর্যায়ে ক্রেডিট কমিটির কার্যক্রম অব্যাহত রেখে নিম্নবর্ণিত Terms of Reference (ToR) মোতাবেক প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) গঠন করা হলো। এক্ষেত্রে শাখা পর্যায়ে প্রকল্প মূল্যায়নে অভিজ্ঞ ও দক্ষ জনবলের ঘাটতি থাকায় প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের প্রকল্প মূল্যায়ন কমিটি কর্তৃক সংশ্লিষ্ট শাখার প্রস্তাবিত প্রকল্পের সংগঠন ও ব্যবস্থাপনা, বিপণন, আর্থিক, কারিগরি ও বাণিজ্যিক দিক বিশ্লেষণ করতে হবে।

০২। প্রকল্প নির্বাচন ও মূল্যায়নে শাখা/আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের (ToR):

| | |
|---|---|
| ক) | প্রকল্প নির্বাচন ; |
| খ) | প্রকল্প ঋণ আবেদনকারীদের যোগ্যতা যাচাইকরণ ; |
| গ) | প্রকল্প ঋণ আবেদনের চেকলিস্ট মোতাবেক প্রয়োজনীয় দলিলপত্রাদি আবেদনকারীর নিকট হতে গ্রহণ ; |
| ঘ) | প্রধান কার্যালয় হতে নীতিগত সম্মতি গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) ; |
| ঙ) | উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রস্তাব মোতাবেক প্রকল্পের বিপণন, কারিগরি, আর্থিক, সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনৈতিক ও সামাজিক দিক বিশ্লেষণপূর্বক সম্ভাব্যতার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন ; |
| চ) | নিবন্ধিত সার্ভে কোম্পানির রিপোর্টসহ জামানতি সম্পত্তির মূল্য ও গ্রহণযোগ্যতা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত সকল কার্যাদি সম্পন্নকরণ ; |
| ছ) | স্থিতিপত্র সহ আইসিআরআরএস প্রতিবেদন প্রস্তুত ও অনুমোদন; |
| জ) | ক্রেডিট রেটিং, এনভায়রনমেন্টাল রিস্ক গ্রেডিং প্রতিবেদন প্রস্তুত ; |
| ঝ) | ঋণ মঞ্জুরীর বিষয়ে সুপারিশ। |

- মাঠ কার্যালয় প্রকল্পের বিপণন, কারিগরি, সংগঠন ও ব্যবস্থাপনা, আর্থিক ও অর্থনৈতিক দিক চূড়ান্ত বিশ্লেষণের জন্য সকল সংযুক্তি সহকারে প্রধান কার্যালয়ের মঞ্জুরি ক্ষমতায় আওতাধীন ঋণপ্রস্তাব সমূহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং মাঠ কার্যালয়ের মঞ্জুরি ক্ষমতায় আওতাধীন ঋণপ্রস্তাবসমূহ সংশ্লিষ্ট মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবে।

০৩। প্রধান কার্যালয়ের প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC)
(প্রধান কার্যালয়ের ব্যবসায়িক ক্ষমতার আওতায় মঞ্জুরীতব্য প্রকল্প ঋণ প্রস্তাবের ক্ষেত্রে)

| ক্রন: | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | সহকারী মহাব্যবস্থাপক, প্রকল্প ঋণ সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ০২. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (সিভিল) | সদস্য |
| ০৩. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (মেকানিক্যাল) | সদস্য |
| ০৪. | ফিনান্সিয়াল এনালিস্ট/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৫. | মুখ্য কর্মকর্তা/ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, প্রকল্প ঋণ সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

| | |
|---|---|
| ক) | পরিচালনা পর্ষদ ও প্রধান কার্যালয়ের মঞ্জুরীতব্য নতুন প্রকল্প ঋণপ্রস্তাবসমূহ পূর্বানুমোদন ; |
| খ) | প্রকল্পের বিপণনগত দিক, কারিগরি সম্ভাব্যতা, আর্থিক সম্ভাব্যতা বিশ্লেষণকরত মূল্যায়ন ; |
| গ) | প্রকল্প মূল্যায়নকালে রেশিও অ্যানালাইসিস/আনুপাতিক বিশ্লেষণ এবং এ ভিত্তিতে মন্তব্য ; |
| ঘ) | বিদ্যমান প্রকল্পের বিএমআরই, যন্ত্রপাতির আমদানি ও সংস্থাপন সংক্রান্ত বিষয়াদি এবং সংশ্লিষ্ট অন্য যে কোন বিষয় ; |
| ঙ) | রুগ্ন ও বন্ধ প্রকল্পসমূহকে লাভজনক পর্যায়ে চালুকরণ সংক্রান্ত সকল বিষয় ; এবং |
| চ) | এখনো উৎপাদনে যায় নাই এমন ধরনের প্রকল্পসমূহকে উৎপাদনে নেওয়ার জন্য গৃহিতব্য পদক্ষেপসমূহ বিবেচনা । |

- প্রধান কার্যালয় পর্যায়ে মঞ্জুরীতব্য প্রকল্প প্রস্তাবসমূহের ক্ষেত্রে মাঠ কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব প্রধান কার্যালয়ের প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) কর্তৃক প্রকল্প স্থান সরেজমিন পরিদর্শনকরত প্রকল্পের বিপণন, কারিগরি, সংগঠন ও ব্যবস্থাপনা ও অর্থনৈতিক দিক বিশ্লেষণপূর্বক সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক বরাবর দাখিল করতে হবে। সংশ্লিষ্ট বিভাগ উক্ত প্রতিবেদনসহ পূর্ণাঙ্গ প্রস্তাব ক্রেডিট কমিটির সভায় উপস্থাপনের কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।

০৪। মাঠ কার্যালয়ের প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC)

( মাঠ কার্যালয়ের ব্যবসায়িক ক্ষমতার আওতায় মঞ্জুরীতব্য প্রকল্প ঋণপ্রস্তাবের ক্ষেত্রে)

(ক) বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC)

| ক্রন: | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | উপমহাব্যবস্থাপক (ঋণ), বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| ০২. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (সিভিল)/সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৩. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (মেকানিক্যাল)/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৪. | ফিনান্সিয়াল এনালিস্ট/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৫. | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

(খ) স্থানীয় মুখ্য কার্যালয় প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC)

| ক্রন: | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | উপমহাব্যবস্থাপক (ঋণ সেকশন/বৈদেশিক বাণিজ্য) | সভাপতি |
| ০২. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (সিভিল)/সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৩. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (মেকানিক্যাল)/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৪. | ফিনান্সিয়াল এনালিস্ট/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৫. | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, (ঋণ সেকশন/বৈদেশিক বাণিজ্য) | সদস্য সচিব |

(গ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC)

| ক্রন: | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় | সভাপতি |
| ০২. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (সিভিল)/সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৩. | সহকারী/নির্বাহী প্রকৌশলী (মেকানিক্যাল)/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৪. | ফিনান্সিয়াল এনালিস্ট/ সমমানের কর্মকর্তা | সদস্য |
| ০৫. | মুখ্য কর্মকর্তা/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় | সদস্য সচিব |

মাঠ পর্যায়ের প্রকল্প মূল্যায়ন কমিটিসমূহের (PAC) কার্যপরিধি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ক) | মাঠ কার্যালয়ের মঞ্জুরীতব্য নতুন প্রকল্প ঋণপ্রস্তাবসমূহ পূর্বানুমোদন ; |
| খ) | প্রকল্পের বাণিজ্যিক দিক, কারিগরি সম্ভাব্যতা, আর্থিক সম্ভাব্যতা বিশ্লেষণকরত মূল্যায়ন ; |
| গ) | প্রকল্প মূল্যায়নকালে রেশিও অ্যানালাইসিস/আনুপাতিক বিশ্লেষণ এবং এ ভিত্তিতে মন্তব্য ; |
| ঘ) | বিদ্যমান প্রকল্পের বিএমআরই, যন্ত্রপাতির আমদানি ও সংস্থাপন সংক্রান্ত বিষয়াদি এবং সংশ্লিষ্ট অন্য যে কোন বিষয় ; |
| ঙ) | রুগ্ন ও বন্ধ প্রকল্পসমূহকে লাভজনক পর্যায়ে চালুকরণ সংক্রান্ত সকল বিষয় ; |
| চ) | এখনো উৎপাদনে যায় নাই এমন ধরনের প্রকল্প সমূহকে উৎপাদনে নেওয়ার জন্য গৃহিতব্য পদক্ষেপসমূহ বিবেচনা। |

- মাঠ পর্যায়ে মঞ্জুরীতব্য প্রকল্প প্রস্তাবসমূহের ক্ষেত্রে প্রাপ্ত প্রস্তাব মাঠ কার্যালয়ের প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) কর্তৃক প্রকল্প স্থান সরেজমিন পরিদর্শনকরত প্রকল্পের বিপণন, কারিগরি, সংগঠন ও ব্যবস্থাপনা ও অর্থনৈতিক দিক বিশ্লেষণপূর্বক প্রতিবেদন সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদনসহ পূর্ণাঙ্গ প্রস্তাব মাঠ পর্যায়ের ক্রেডিট কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৫। প্রকল্প ঋণপ্রস্তাব প্রক্রিয়াকরণের ধাপ অনুযায়ী দায়দায়িত্ব সংযুক্তিতে দেওয়া হলো। এমতাবস্থায়, প্রকল্প ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রকল্প ঋণপ্রস্তাবসমূহ প্রকল্প মূল্যায়ন কমিটির (PAC) মূল্যায়ন প্রতিবেদন ও মাঠ কার্যালয়ের সুপারিশসহ সংশ্লিষ্ট ক্রেডিট কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৬। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

৩১.০৭.২০২৪

সংযুক্তি: ০১ (এক) পাতা।

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোন: ০২৪৭৭১১৫০৩৪৪

বিতরণ:

০১। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

০২। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা।

০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৪। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।

০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।

০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৭। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিকেবি-প্রকা/জেঃক্রেঃবিঃ-০১(১)/২০২৪-২০২৫/ (৬৯) (২২০৩) তারিখ: ৩১/০৭/২০২৪ খ্রি.

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। <u>উপর্যুক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো</u>।

০৫। নথি/মহানথি।

৩১/০৭/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
জেনারেল ক্রেডিট বিভাগ
dgmlad1@krishibank.org.bd
ফোন: ০২২২৩৩৫৮৬৮১

'সংযুক্তি'

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রকল্প ঋণপ্রস্তাব মূল্যায়নের জন্য প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) গঠন এবং এর কার্যপরিধি প্রসঙ্গে।

## কার্যকরণসহ প্রকল্প ঋণপ্রস্তাব প্রক্রিয়াকরণে অনুসরণীয় ধাপসমূহ

| ক্রন: | প্রকল্প ঋণপ্রস্তাব প্রক্রিয়াকরণে অনুসরণীয় ধাপসমূহ | কার্যকরণ |
|---|---|---|
| ০১। | ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুসরণপূর্বক প্রকল্প নির্বাচন | সংশ্লিষ্ট শাখা/মাঠ কার্যালয় |
| ০২। | ঋণের খাত ও ঋণের ধরণ নির্বাচন ; | সংশ্লিষ্ট শাখা |
| ০৩। | প্রকল্প ঋণ আবেদনকারীদের যোগ্যতা যাচাইকরণ (সামর্থ্য, ঋণ প্রাপ্যতা ও পরিশোধের সক্ষমতাসহ) ; | সংশ্লিষ্ট শাখা |
| ০৪। | নীতিগত সম্মতি গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) ; | সংশ্লিষ্ট শাখা |
| ০৫। | প্রকল্প ঋণ আবেদনের চেকলিস্ট মোতাবেক প্রয়োজনীয় দলিল পত্রাদি আবেদনকারীর নিকট হতে গ্রহণ ; | সংশ্লিষ্ট শাখা |
| ০৬। | সংগঠন ও ব্যবস্থাপনা দিক, বিপণন, কারিগরি, আর্থিক, অর্থনৈতিক ও সামাজিক দিক বিশ্লেষণপূর্বক প্রোফাইল প্রস্তুতকরণ ; | সংশ্লিষ্ট শাখার মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠান |
| ০৭। | সিআইবি, ব্যাংক স্টেটমেন্ট যাচাইকরণ ও কন্ট্রাক্ট পয়েন্ট ভেরিফিকেশন ; | সংশ্লিষ্ট শাখা |
| ০৮। | নিবন্ধিত সার্ভে কোম্পানির রিপোর্টসহ জামানতি সম্পত্তির মূল্য ও গ্রহণযোগ্যতা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত সকল কার্যাদি সম্পন্নকরণ ; | সংশ্লিষ্ট শাখা ও বিভাগীয়/আঞ্চলিক মূল্যায়ন কমিটি |
| ০৯। | স্থিতিপত্র সহ আইসিআরআরএস প্রতিবেদন প্রস্তুত ও অনুমোদন; | সংশ্লিষ্ট শাখা |
| ১০। | ক্রেডিট রেটিং, এনভায়রনমেন্টাল রিস্ক গ্রেডিং প্রতিবেদন প্রস্তুত ; | সংশ্লিষ্ট শাখা |
| *১১। | প্রকল্পের বিপণনগত দিক, কারিগরি সম্ভাব্যতা, আর্থিক সম্ভাব্যতা বিশ্লেষণকরত মূল্যায়ন ; | সংশ্লিষ্ট প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) |
| *১২। | প্রকল্প মূল্যায়নকালে রেশিও অ্যানালাইসিস/আনুপাতিক বিশ্লেষণ ; | সংশ্লিষ্ট প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) |
| ১৩। | ঋণ মঞ্জুরীর বিষয়ে সুপারিশসহ পূর্ণাঙ্গ ঋণপ্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন ; | মাঠ কার্যালয়সমূহ |
| ১৪। | পূর্ণাঙ্গ ঋণপ্রস্তাব প্রকল্প মূল্যায়ন কমিটির (PAC) প্রতিবেদনসহ সংশ্লিষ্ট ক্রেডিট কমিটিতে উপস্থাপন ; | প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় |
| ১৫। | ক্রেডিট কমিটির সুপারিশসহ প্রকল্প ঋণ প্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন ; | প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় |
| ১৬। | মঞ্জুরীত্তোর দলিলায়ন ; | শাখা কর্তৃক দলিলায়ন সম্পাদনকরত মুখ্য আঞ্চলিক কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে। |
| ১৭। | ঋণ কিস্তিতে বিতরণ ও সদ্ব্যবহার যাচাই; | সংশ্লিষ্ট শাখা। |
| ১৮। | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রস্তুত। | সংশ্লিষ্ট শাখা, প্রকল্প সমাপ্তি প্রতিবেদন সংক্রান্ত কমিটি। |

- * প্রধান কার্যালয় পর্যায়ে মঞ্জুরীযোগ্য ঋণপ্রস্তাবের ক্ষেত্রে ১১ ও ১২ নং ক্রমিকে উল্লিখিত পদক্ষেপ গ্রহণ ব্যতিরেকে প্রস্তাব উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ের (PAC) কমিটির মতামত ও প্রতিবেদনসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

০১/০৭/২০২৪

অনুমোদিত কর্মকর্তা

মুহাম্মাদ মাহবুবুর রহমান
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
জেনারেল ক্রেডিট বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

01/07/2024

অনুমোদিত কর্মকর্তা

মুহাম্মদ মোশাররফ হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
জেনারেল ক্রেডিট বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।